বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭(ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937(Fax), 9588458.
e-mail: dir.staff.bwdb@ gmail.com

স্মারক নংঃ ১২৭৭-পাউবো (কউ)/আর-৪১/২০১৬ তারিখঃ ০১-১২-২০১৬ খ্রিঃ।

"দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে **সহকারী প্রকৌশলী (পুর)** পদে নিম্নলিখিত প্রার্থীগণকে শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ করতঃ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। নিয়োগ প্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর **৯ম গ্রেড** টাকা **২২,০০০-৫৩,০৬০** এবং তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি পাবেন।

ক্রঃ নং	নাম	পিতা/স্বামীর নাম ও মাতার নাম	জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা	যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	মোঃ শিব্বির হোসেন	আবরাম পারভেজ শামিরুন নাহার	১০/১১/১৯৯৩	গ্রাম/পাড়া/মহল্লাঃ নাজিরপুর ইউনিয়ন/ওয়ার্ডঃ হেমায়েতপুর ডাকঃ বিপি নাজিরপুর ৬৬০০ উপজেলাঃ পাবনা সদর জেলাঃ পাবনা	ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
২	নুরুন্নাহার খান	মোঃ লিয়াকত আলী খান ছালেমা আক্তার খান	০১/১১/১৯৯১	ছালেমা ভবন, নিশ্চিতপুর রোড গ্রাম/পাড়া/মহল্লাঃ সাতুটিয়া ইউনিয়ন/ওয়ার্ডঃ ৫ ডাকঃ কালিহাতী ১৯৭০ উপজেলাঃ কালিহাতী জেলাঃ টাঙ্গাইল	রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।

০২। নিয়োগের শর্তাবলী ঃ

(ক) নিয়োগ প্রাপ্তগণের চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(খ) চাকুরীতে যোগদানের সময় নিয়োগ প্রাপ্তগণকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ, নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ এবং জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসারের নিকট হতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগ প্রাপ্ত প্রত্যেকে ০১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর স্ব স্ব যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। **চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।**

(ঙ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হলো। নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১(একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ প্রাপ্তগণ তাঁদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদান করার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(ছ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(জ) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরীচ্যুত হিসাবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

০৩। **বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।**

(মোঃ লুৎফর রহমান)
পরিচালক

স্মারক নংঃ ১২৭৭/১(১৫০)-পাউবো (কউ)/আর-৪১/২০১৬ **তারিখঃ ০১-১২-২০১৬ খ্রিঃ।**

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ...বাপাউবো, ... ।
২। প্রধান/নিয়ন্ত্রক .. .. বাপাউবো, ... ।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, ... বাপাউবো, ... ।
৫। নির্বাহী প্রকৌশলী, ... বাপাউবো, ... ।
৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, ... আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ... ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৯। মাস্টার কপি/নথির কপি।
১০। রেজিষ্টার্ড উইথ এডি টু,
জনাব .. .. ।

(কামরুজ্জামান খান)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা),
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।